

## মিডিয়া বিজ্ঞপ্তি

সামিট সিঙ্গাপুরে স্বল্প-আয়ের অভিবাসী শ্রমিকদের সাহায্যার্থে এগিয়ে



**ফটো ক্যাপশন:** সামিট আয়োজিত, সিঙ্গাপুরে স্বল্প-আয়ের অভিবাসী শ্রমিকদের জন্য শামা রহমানের চ্যারিটি সংগীতানুষ্ঠানে কাশীবিশ্বনাথন শানমুগাম, সিঙ্গাপুরের মাননীয় স্বরাষ্ট্র ও আইন মন্ত্রী, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। (বাঁ থেকে ডানে: মুহাম্মদ আজিজ খান, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, সামিট গ্রুপ, কে. শানমুগাম, মাননীয় স্বরাষ্ট্র ও আইনমন্ত্রী, সিঙ্গাপুর এবং শামা রহমান, বিশিষ্ট রবীন্দ্রসংগীত শিল্পী।)

**(সিঙ্গাপুর) ৫ই সেপ্টেম্বর ২০২২, সোমবার:** সামিট স্বল্প-আয়ের অভিবাসী শ্রমিকদের কল্যাণে কর্মরত 'হোম' প্রতিষ্ঠানের জন্যে তহবিল সংগ্রহে শামা রহমান এবং টেগোর সোসাইটি সিঙ্গাপুরের সাথে একটি মিলিত চ্যারিটি রবীন্দ্র সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করে। সকল তহবিল সিঙ্গাপুরে স্বল্প-আয়ের অভিবাসী কর্মীদের সহায়তা করার জন্য 'হোম'-কে দেওয়া হবে, যারা বেতন-বঞ্চিত, অতিরিক্ত কর্মঘণ্টা, কর্মক্ষেত্রে আঘাতপ্রাপ্ত, শারীরিক ও মানসিক নির্যাতনের ভুক্তভোগী শ্রমিকদের ক্ষমতায়নে নিয়োজিত।

অনুষ্ঠানে সামিট গ্রুপ অব কোম্পানিজের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান **মুহাম্মদ আজিজ খান** মন্তব্য করেন, "আজ এই পৃথিবীতে আমাদের সকলের রবীন্দ্রনাথ ঠাকুরের মতো একজন দর্শন-গুরু প্রয়োজন। যেখানে যুদ্ধবাজরা শক্তিশালী হচ্ছে, নিজ-দায়ে বিভিন্ন দেশ দরিদ্র হচ্ছে এবং মানুষের মধ্যে আবারও বিভক্তি বাড়ছে।"

সংগীতানুষ্ঠানে উপস্থিত বিশিষ্ট অতিথিদের মধ্যে ছিলেন, সিঙ্গাপুরে বাংলাদেশের হাইকমিশনার তৌহেদুল ইসলাম, বাংলাদেশে সিঙ্গাপুরের হাইকমিশনার ডেরেক লো এবং সিঙ্গাপুরে ভারতের হাইকমিশনার পি কুমারান প্রমুখ।

**হোম সম্পর্কে:** HOME (হিউম্যানিটারিয়ান অর্গানাইজেশন ফর মাইগ্রেশন ইকোনমিক্স) একটি দাতব্য সংস্থা যার ইনস্টিটিউশন অফ পাবলিক ক্যারেক্টার স্ট্যাটাস রয়েছে। ২০০৪ সাল থেকে, আমরা সিঙ্গাপুরে অভিবাসী শ্রমিকদের কল্যাণ ও অধিকার সমুল্লত রাখতে নিবেদিত রয়েছি। আমরা যে সকল অভিবাসী শ্রমিকদের ক্ষমতায়নে নিয়োজিত তারা নির্যাতন ও শোষণের শিকার যেমন, বেতন-বঞ্চিত, অতিরিক্ত কর্মঘন্টা, কর্মক্ষেত্রে আঘাতপ্রাপ্ত, শারীরিক ও মানসিক নির্যাতনের ভুক্তভোগী শ্রমিক। তাদের কেউ কেউ মানবপাচারের শিকার। আমরা গৃহকর্মীদের জন্য একটি আশ্রয়কেন্দ্র, গৃহকর্মী এবং পুরুষ অভিবাসী শ্রমিকদের জন্য হেল্পডেস্ক পরিচালনা করি। আমরা কর্মীদের আইনি সহায়তা, স্বাস্থ্য শিক্ষা এবং বৃত্তিমূলক প্রশিক্ষণও দিয়ে থাকে। ২০১৬সালে, দুই হাজারেরও বেশি অভিবাসী শ্রমিক আমাদের কাছ থেকে সহায়তা পেয়েছে। আর আমাদের দক্ষতা প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রায় দুই হাজার গৃহকর্মী অংশগ্রহণ করেছে। 'হোম' বিভিন্ন সরকারী সংস্থা, নাগরিক গোষ্ঠী, কর্পোরেশন এবং অন্যান্য সম্প্রদায়ের অংশীদারদের সাথে কাজ করে, একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনে আমাদের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে যা ন্যায় এবং সমতার পক্ষে।

**সামিটের সিএসআর কার্যক্রম:** সামিট বাংলাদেশের সর্ববৃহৎ অবকাঠামো প্রতিষ্ঠান এবং আমরা আমাদের কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (সিএসআর) কার্যক্রমের মাধ্যমে যে সকল এলাকায় ব্যবসা পরিচালনা করি সেখানকার উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। সুবিধাবঞ্চিতদের জন্য শিক্ষা, শিল্প ও সংস্কৃতি, খেলাধুলা, স্বাস্থ্যসেবা এবং সামাজিক সেবার সুবিধা উন্নত করার লক্ষ্যে আমাদের বিভিন্ন বেসরকারি সংস্থার (এনজিও) সঙ্গে দীর্ঘকালীন অংশীদারিত্ব আছে। সামিটের একটি সিএসআর কমিটি আছে যাতে কোম্পানির জ্যেষ্ঠ-নেতৃত্বের উপস্থিতি আছে এবং ইতিপূর্বে সামিট সিএসআর কার্যক্রমের জন্যে পুরস্কৃত হয়েছে।

বিস্তারিত জানতে: [www.summitpowerinternational.com](http://www.summitpowerinternational.com)

মোহসেনা হাসান, সামিট কর্পোরেশন, ইমেইল- [mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com), মুর্তোফোন- +8801713081905